গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.১১৬.০১.০০.২৭৫.২০১২-২৭৫ তারিখঃ ২১.০৩.২০১৩ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ লিজা তাহুরীন (কোড-১১২৯৪২), মেডিকেল অফিসার (পেডিয়াট্রিক নিউরো-সার্জারী), ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স, শেরেবাংলানগর, ঢাকা (প্রাক্তন ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৮.০২.২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, তিনি ০১.০৭.২০১১ থেকে ৩১.১২.২০১১ পর্যন্ত পূর্বের প্রেষণের ধারাবাহিকতায় শিক্ষাছুটি চেয়েছিলেন। শিক্ষাছুটি না মঞ্জুরের বিষয়টি কর্তৃপক্ষ তাকে অবহিত না করায় তিনি অধ্যয়ন অব্যাহত রাখেন। অতঃপর মার্চ/২০১২তে তাকে পদায়ন দেয়ার সাথে সাথে তিনি পদায়নকৃত কর্মস্থলে যোগদান করেন। অনিচ্ছাকৃত ত্রুটির জন্য তিনি ক্ষমা প্রার্থনা করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ লিজা তাহুরীন (কোড-১১২৯৪২), মেডিকেল অফিসার (পেডিয়াট্রিক নিউরো-সার্জারী), ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স, শেরেবাংলানগর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.১১৬.০১.০০.২৭৫.২০১২-২৭৫/১(৯) তারিখঃ ২১.০৩.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। পরিচালক, ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স, শেরেবাংলানগর, ঢাকা
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৬। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। ডাঃ লিজা তাহুরীন (কোড-১১২৯৪২), মেডিকেল অফিসার (পেডিয়াট্রিক নিউরো-সার্জারী), ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স, শেরেবাংলানগর, ঢাকা

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১০.২০১২- ২৭৫

তারিখঃ ১৮.০৩.২০১৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ এ, কে, এম, মিজানুর রহমান (৪১৪২৬), সহকারী অধ্যাপক, শিশু সার্জারী, শেরেবাংলা মেডিকেল কলেজ, বরিশাল (প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও সংযুক্ত- সহকারী অধ্যাপক, শিশু সার্জারী, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৮.০৫.২০১২ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১১০.২০১২-৬৫৪নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও আপনার জবাব সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং বিভাগীয় মামলায় আনীত সরকারি হাসপাতালে চিকিৎসাধীন রোগীর নিকট হতে টাকা গ্রহণের অভিযোগটি প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে বিধিমালার ৪(৩)(এ) বিধিমতে আপনার বেতন 'টাইম স্কেলের সর্বনিম্ন ধাপে অবনমিত করার' সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(২)(ই) বিধি মোতাবেক 'টাইম স্কেলের সর্বনিম্ন ধাপে অবনমিত' করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

ডাঃ এ, কে, এম, মিজানুর রহমান (৪১৪২৬)
সহকারী অধ্যাপক, শিশু সার্জারী
শেরেবাংলা মেডিকেল কলেজ, বরিশাল

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১১০.২০১২-২৭৫/১(৪)

তারিখঃ ১৮.০৩.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
৩। অধ্যক্ষ, শেরেবাংলা মেডিকেল কলেজ, বরিশাল (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd